



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
রাজস্ব শাখা
www.barisaldiv.gov.bd



চেষ্টা ১৪৩০

নম্বর : ০৫.১০.০০০০.০০৪.২৭.০০৬.২৪.

তারিখ : -----

মার্চ ২০২৪

“অফিস আদেশ”

যেহেতু, জনাব মোঃ সুজন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, মাটিভাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, নাজিরপুর, পিরোজপুর (বর্তমান কর্মস্থল: আলিমাবাদ ইউনিয়ন ভূমি অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশাল)-এর বিরুদ্ধে নামজারি মামলায় অবৈধ অর্থ আদায়ের রেইট নির্ধারণ সংক্রান্ত কথোপকথন সামাজিক যোগাযোগ মাধ্যম ও গণমাধ্যমে প্রকাশিত হয়েছে;

২। যেহেতু, জেলা প্রশাসক, পিরোজপুর কর্তৃক ১৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের ০৫.১০.৭৯০০.১০১.১৮.০০২.২২.১৫০ নম্বর স্মারকের গঠিত ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি অডিও ক্লিপের কথোপকথনের বিষয়ে তদন্ত করে অভিযোগের সত্যতা পেয়েছেন;

৩। যেহেতু, জেলা প্রশাসক, পিরোজপুর গত ২০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের ০৫.১০.৭৯০০.০১৩. ২৭.০০৪.২১.১০২৩ নম্বর স্মারকে জনাব মোঃ সুজন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা-এর এরূপ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণ হিসেবে গণ্য করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে সাময়িকভাবে বরখাস্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেছেন; এবং

৪। যেহেতু, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল কর্তৃক গত ২৭ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের ০৫.১০.০০০০. ০০৪.০১. ০১৩.২১.২৯৩ নম্বর স্মারকের পত্রের মারফত জনাব মোঃ সুজন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা-কে তার অপরাধ প্রমাণিত হওয়ায় প্রশাসনিক কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে সাময়িক বরখাস্তকরণের সুপারিশসহ সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে অনুরোধ জানানো হয়েছে এবং তদপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ২১ জানুয়ারি, ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৯৯.০৪৮.২৪.৭৮ নম্বর স্মারকের পত্র মারফত তার বিরুদ্ধে ভূমি মন্ত্রণালয়ের ২২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৫৬৬ নম্বর স্মারকের পরিপত্র অনুযায়ী বিভাগীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে; এবং

৫। যেহেতু, অভিযুক্ত জনাব মোঃ সুজন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, মাটিভাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, নাজিরপুর, পিরোজপুর (বর্তমান কর্মস্থল: আলিমাবাদ ইউনিয়ন ভূমি অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশাল)-কে তার দায়িত্ব থেকে বিরত রাখা আবশ্যিক;

৬। যেহেতু, জনাব মোঃ সুজন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, মাটিভাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, নাজিরপুর, পিরোজপুর (বর্তমান কর্মস্থল: আলিমাবাদ ইউনিয়ন ভূমি অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশাল)-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) অনুযায়ী সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৭। তিনি সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ে বিধি অনুযায়ী খোরপোষ ভাতা (Subsistence allowance) প্রাপ্য হবেন।

৮। জনস্বার্থে জারিকৃত এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-
(মোঃ শওকত আলী)
বিভাগীয় কমিশনার
ফোন : ০২৪৭৮৮৬৫০৩৮

নম্বর : ০৫.১০.০০০০.০০৪.২৭.০০৬.২৪.২৭৩১(০২)

০৭ চৈত্র ১৪৩০
তারিখ : -----
২৪ মার্চ ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহিদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা।
- ০৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বরিশাল।
- ০৪। জেলা প্রশাসক, বরিশাল/পিরোজপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর/মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর, পিরোজপুর/মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নাজিরপুর, পিরোজপুর/মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ০৮। জনাব মোঃ সুজন, ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, মাটিভাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস, নাজিরপুর, পিরোজপুর (বর্তমান কর্মস্থল: আলিমাবাদ ইউনিয়ন ভূমি অফিস, মেহেন্দিগঞ্জ, বরিশাল)
- ০৯। অফিস কপি।


রিফাত আরা মৌরি
সিনিয়র সহকারী কমিশনার
ফোন : ০২৪৭৮৮৬৪৮৬৯